বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বখশিবাজার, ঢাকা।

Website: www.bmeb.gov.bd

২০১১-২০১২ শিক্ষাবর্ষে আলিম শ্রেণীতে ভর্তি ও রেজিস্ট্রেশন সংক্রান্ত

বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং/কমন/ ৫৪০ / আর-৭১, তারিখঃ ০২ /০৬/২০১১ইং

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তির নীতিমালা-২০১১ এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত নীতিমালার ভিত্তিতে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, কর্তৃক অনুমতি/একাডেমিক স্বীকৃতি প্রাপ্ত আলিম মাদরাসা ও বর্তমানে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ফাযিল ও কামিল মাদরাসা সমূহে আলিম স্তরে ২০১১-২০১২ শিক্ষা বর্ষে আলিম ১ম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তি করতে হবে।

ভর্তির যোগ্যতা ও শাখা নির্বাচনঃ-

১. ২০০৯, ২০১০, ২০১১ সনে মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত দাখিল পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগন ২০১১-২০১২ শিক্ষাবর্ষে এই নীতিমালার অন্যান্য বিধানাবলী স্বাপেক্ষে মাদরাসায় আলিম ১ম বর্ষে ভর্তির জন্য বিবেচিত হবে।

২. বিদেশী কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (১) এর অধীনে ভর্তির জন্য বিবেচিত হবে।

৩. ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে, যথাঃ- (ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, সাধারন, মুজাব্বিদ শাখায় যে কোন একটি (খ) সাধারন শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারন ও মুজাব্বিদ শাখায় যে কোন একটি এবং (গ) মুজাব্বিদ ও হেফজুল কোরান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারন ও মুজাব্বিদ শাখায় যে কোন একটি। (ঘ) কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত দাখিল ভকেশনাল (দশম শ্রেণী) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ আলিম সাধারন ও বিজ্ঞান শাখায় যে কোন একটিতে ভর্তি হতে পারবে।

৪. **প্রার্থী নির্বাচনের অনুকরনীয় পদ্ধতিঃ**

(১) ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না, কেবল মাত্র শিক্ষার্থীর দাখিল পরীক্ষার ফলাফলের (জি.পি.এ) ভিত্তিতে ভর্তি করা যাবে।

(২) সরকারের প্রচলিত নীতি মালা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো ও শিক্ষকের সংখ্যা অনুযায়ী ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে।

(৩) ভর্তিহতে ইচ্ছুক শিক্ষার্থীকে মাদরাসার নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ভর্তি ফরমে পিতার নামের পাশাপাশি মাতার নাম থাকবে।

(৪) মেধাক্রম অনুসারে তৈরী তালিকা থেকে নির্ধারিত সময়ের মধ্যে ছাত্র/ছাত্রী ভর্তি করতে হবে। নির্ধারিত সময় সীমার পর আসন শুন্য থাকলে অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুসারে শিক্ষার্থীদের ভর্তিকরা যাবে।

(৫) ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের নিকট হতে ভর্তির জন্য আবেদন ফরমের মূল্য এবং ভর্তির ব্যবস্থাপনা ব্যয় নির্বাহের জন্য ৮০ (আশি) টাকা গ্রহণ করা যাবে।

(৬) কোন শিক্ষার্থীর নিকট হতে অনুমোদিত ফি এর অতিরিক্ত কোন অর্থ গ্রহণ করা যাবে না এবং অনুমোদিত সকল ফি যথাযথ রশিদ প্রদানের মাধ্যমে গ্রহন করতে হবে।

৫. (ক) ভর্তির সময় বোর্ড কর্তৃক অনুমোদিত অন্যান্য ফি সহ (যদি থাকে) নিম্নোক্ত ফি গ্রহণ করা যাবে।

ক্রমিক নং	বিবরণ	পরিমান
১	রেজিস্ট্রেশন ফি	১০০.০০
২	ক্রীড়া ফি	৩০.০০
৩	রোভার স্কাউট/ গার্লস গাইড ফি	১৫.০০
৪	রেডক্রিসেন্ট ফি	১৫.০০
৫	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	৭.০০
৬	অন্ধ ও প্রতিবন্ধী কল্যাণ ফি	৫.০০
৭	শাখা বিষয় পরিবর্তন ফি	২৫.০০
৮	ক্রীড়া উন্নয়ন ফি (শিক্ষা প্রতিষ্ঠান প্রতি)	২০০.০০

তবে শর্ত থাকে যে, কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে এবং বিলম্বে ভর্তি হলে তার টাকা হতে উপরিউক্ত ফি এর অতিরিক্ত নিম্নোক্ত ফি গ্রহণ করা হবে।

ক্রমিক নং	বিবরণ	পরিমান
১	পাঠ বিরতি ফি	১০০.০০
২	বিলম্ব ভর্তি ফি	৫০.০০
৩	বিলম্ব রেজি ফি	৩০.০০

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বখশিবাজার, ঢাকা।

Website: www.bmeb.gov.bd

৫(খ)

২০১১-১২ শিক্ষাবর্ষে আলিম শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের রেজিষ্টেশন ফি জমা সংক্রান্ত তথ্যঃ

{নিম্নোক্ত ছকটি বোর্ডের ওয়েব সাইট (www.bmeb.gov.bd) থেকে সংগ্রহ করে হাতে পূরণ করে অথবা নতুনভাবে কম্পোজ করে দিতে হবে}

মাদরাসা কোডঃ		মাদরাসার নামঃ			
ডাকঘর	পোষ্ট কোড	উপজেলা	জেলা	বিভাগ	বোর্ডের আঞ্চলিক কার্যালয়

ফি এর বিবরণঃ

১	বিলম্ব ফি ছাড়া ছাত্র প্রতি ফি	ছাত্র সংখ্যা	টাকা	মাদরাসা প্রতি ক্রীড়া ফি	মোট টাকা
	১৭২.০০			২০০.০০	
২	বিলম্ব ফিসহ ছাত্র প্রতি ফি				
	২৫২.০০				
৩	শিক্ষা বিরতি ফি ১০০/-				
				সর্বমোট টাকা	

কথায়ঃ --

ব্যাংক ড্রাফট এর বিবরণঃ

ড্রাফট নং	টাকার পরিমাণ	ব্যাংক ড্রাফট নং	ড্রাফট এর তারিখ	ব্যাংক শাখার নাম	জেলা
১					
২					

মাদরাসা প্রধানের নাম, স্বাক্ষর,
মোবাইল নম্বর ও সীল

আঞ্চলিক কার্যালয়

অফিস সহকারীর স্বাক্ষর

সহকারী পরিদর্শকের স্বাক্ষর ও সীল

{বিঃ দ্রঃ একাধিকবার ফি জমা দেয়ার ক্ষেত্রেও (বিলম্ব ফি ছাড়া ও বিলম্ব ফিসহ) একই ফরম ব্যবহার করতে হবে। প্রতিবারেই ২টি কপি প্রস্তুত করতঃ ১ কপি আঞ্চলিক কার্যালয়ে জমা দিতে হবে এবং অপর কপি আঞ্চলিক কার্যালয় কর্তৃক রিসিভ করিয়ে মাদরসায় সংরক্ষণ করতে হবে। ২য় বার ফি জমা দেয়ার সময় অব্যশ্যই ১ম বার জমা দেয়ার বিবরণী ছকের ফটোকপি সংগে দিতে হবে ।অন্যথায় মাদরাসা প্রতি ২০০.০০ টাকার ব্যাংক ড্রাফট পুনরায় দিতে হবে। একবার ফি জমা দেয়ার জন্য ১টির বেশি ড্রাফট গ্রহণ করা যাবে না।}

৬. ২০১১-২০১২ শিক্ষা বর্ষের আলিম রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি আঞ্চলিক কার্যালয়ে জমা দেয়ার সময় তাৎক্ষণিক কোন রশিদ দেয়া হবে না ।এ জন্য পরের পৃষ্ঠায় প্রদত্ত নমুনা ছক (**"আঞ্চলিক কার্যালয়/বোর্ডে ফি জমা দেয়ার নমুনা ছক" শীরোনামে)** মোতাবেক ২ কপি ছক পূরণ করতঃ ১ কপি আঞ্চলিক কার্যালয়/বোর্ডে জমা দিতে হবে এবং অপর কপি আঞ্চলিক কার্যালয় থেকে রিসিভ করিয়ে নিয়ে সংরক্ষণ করতে হবে যা প্রাথমিকভাবে রশিদ হিসেবে গণ্য করা হবে। আঞ্চলিক কার্যালয় থেকে পরবর্তীতে রিসিভ কপি জমা দিয়ে মূল রশিদ সংগ্রহ করতে হবে।

৭. ভর্তি, ক্লাশশুরু, শাখা/বিষয় পরিবর্তন ইত্যাদির জন্য নিম্লোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে-

ক্রমিক নং	বিষয়	তারিখ
ক	ভর্তির আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ	০৯-০৬-২০১১
খ	পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে যাদের ফল পরিবর্তন হবে তাদের জন্য শেষ তারিখ	১৩-০৬-২০১১
গ	ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ	১৯-০৬-২০১১
ঘ	বিলম্ব ফি ছাড়া ভর্তি ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	২৮-০৬-২০১১
ঙ	ক্লাশ শুরু করার তারিখ	০২-০৭-২০১১
চ	বিলম্ব ফি ছাড়া ভর্তিকৃত শিক্ষার্থীদের টট লিষ্ট, রেজিষ্ট্রেশন ফি ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট /মার্কসীট জমা দেয়ার শেষ তারিখ	১৪-০৭-২০১১

ছ	বিলম্ব ফি সহ ভর্তি ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	১৮-০৭-২০১১
জ	বিলম্ব ফি সহ ভর্তিকৃত শিক্ষার্থীগনের টট লিষ্ট, রেজিষ্ট্রেশন ফি ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট /মার্কসীট জমা দেয়ার শেষ তারিখ	২৪-০৭-২০১১
ঝ	ব্যবহারিক ক্লাশ শুরু করার তারিখ	২৫-০৭-২০১১
ঞ	শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর শাখা/বিষয় পরিবর্তনের ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	০৫-০৯-২০১১
ট	শাখা/বিষয় পরিবর্তনকারী শিক্ষার্থীর ব্যাংক ড্রাফট সহ তালিকা বোর্ডে প্রেরনের শেষ তারিখ	১২-০৯-২০১১
	পুরণকৃত e-SIF Submission- এর শেষ তারিখ	১৫-১১-২০১১

৮. (ক) ছাত্র-ছাত্রীর সংখ্যানুপাতে বোর্ড/আঞ্চলিক কার্যালয়ে দাখিল Academic Transcript জমা রাখতে হবে। (খ) লেমিনেটিং করা Academic Transcript জমা নেয়া হবে না। (গ) অত্র শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ছাড়া আলিম ১ম বর্ষে ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করা যাবে না । কিংবা বোর্ডের পূর্বানুমতি ছাড়া ইস্যুকৃত ছাড়পত্রের বরাতে ভর্তি করা যাবে না। তবে শুধু মাত্র সরকারী/আধা সরকারী /স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানের চাকুরিজীবী পিতা/মাতার বদলী জনিত কারনে কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের পূর্বানুমতি নেয়ার প্রয়োজন হবে না। এরুপ ক্ষেত্রে বদলীকৃত কর্মকর্তা কর্মচারীর বদলীর আদেশ প্রদর্শন করে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র নেয়া যাবে এবং নতুন কর্মস্থলে যোগদানপত্র দেখিয়ে সংশ্লিষ্ট চাকুরিজীবীর সন্তানকে বদলীকৃত কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি করা যাবে। এক্ষেত্রে মাদরাসা কর্তৃপক্ষকে এধরনের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫(পনের) দিনের মধ্যে রেজিষ্ট্রেশন ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র মাদরাসা বোর্ডে জমা দিতে হবে।

৯. **অনুমতি বা স্বীকৃতি বিহীন মাদরাসায় ভর্তি নিষিদ্ধ ঃ-**

(ক) পাঠদানের প্রাথমিক অনুমতি বিহীন অথবা স্বীকৃতি বাতিল কোন মাদরাসায় কোন অবস্থাতেই ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবেনা।

(খ) পাঠদানের প্রাথমিক অনুমতি প্রাপ্ত অথবা স্বীকৃতি প্রাপ্ত কোন মাদরাসায় অনানুমোদিত শাখা এবং কোন বিষয়ে ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

১০. **নীতিমালার প্রবর্তন ও প্রয়োগ ঃ-**

(ক) দেশের সরকারী বেসরকারী মাদরাসায় ২০১১-২০১২ ইং শিক্ষাবর্ষ হতে আলিম ১ম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে নীতিমালা প্রযোজ্য হবে।

(খ) এই নীতিমালার কোন রূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারী মাদরাসার ক্ষেত্রে পাঠদান অনুমতি বা স্বীকৃতি স্থগিত/বাতিল সহ মাদরাসাটির এম.পি.ও. ভুক্তি বাতিল করা হবে এবং সরকারী মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট অধ্যক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়/ মহা পরিচালক (মাউশি) কে অনুরোধ করা হবে।

০২.০৬.২০১১

(মোঃ নজমুল হুদা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৮৬২৬১৩৮।